

নং শিম/শাঃ১৪/বিবিধ-১-৮/২০১০/৪১৬

তারিখঃ ১০ কার্তিক ১৪১৮
২৫ অক্টোবর ২০১১

পরিপত্র

বিষয়ঃ ৪ঠা ফেব্রুয়ারী-২০১০ সরকার কর্তৃক জারীকৃত জনবল কাঠামোর কতিপয় বিষয় জরুরী ভিত্তিতে সংশোধন প্রসঙ্গে।

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবল কাঠামো সম্পর্কিত গত ৪ঠা ফেব্রুয়ারী ২০১০ এ জারীকৃত নির্দেশিকা নিম্নরূপভাবে সংশোধন করা হলো এ সংশোধনী শুধুমাত্র মাদ্রাসা শিক্ষার ক্ষেত্রে প্রযোজ্য হবে।

(ক) অধ্যক্ষ, উপাধ্যক্ষ/সুপার, সহ-সুপার, আরবী বিষয়সমূহের প্রভাষক নিয়োগে শিক্ষাগত যোগ্যতা কলামের ১নং অংশে স্বীকৃত বিশ্ববিদ্যালয়ের স্থলে “বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ইসলামী বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত মাদ্রাসাসমূহ এবং ইসলামী বিশ্ববিদ্যালয়ের থিওলজি অনুষদ, আরবি ও ফিকাহ বিভাগ হতে দ্বিতীয় শ্রেণী/সমমানের জিপিএ হতে হবে” মর্মে সংশোধন করা হলো। (জনবল কাঠামোর ‘গ’ অনুচ্ছেদ)।

(খ) কামিল মাদ্রাসার অধ্যক্ষ, উপাধ্যক্ষ, সহকারী অধ্যাপক পদমর্যাদার মুহাদ্দিস, মুফাসসির, ফকিহ ও আদিব বিষয়ে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে ১৯৮২ সালের জনবল কাঠামোর শিক্ষাগত যোগ্যতা অনুযায়ী প্রথম শ্রেণী/প্রথম শ্রেণীর সমমানের জিপিএ তে উত্তীর্ণ হওয়া শর্ত বলবৎ থাকবে।

(গ) স্নাতক পাস কলেজের অনুরূপ ফাজিল/কামিল মাদ্রাসায় এমএলএসএস এর পদ পূর্বের জনবল কাঠামো অনুযায়ী বর্তমানে ৬জন ও বিজ্ঞান বিভাগে অতিরিক্ত ০৪জন সহ মোট ১০জন এমএলএসএস এমপিওভুক্ত করা হয়েছে। বর্তমান নির্দেশিকায় এ জনবল কাঠামো অন্তর্ভুক্ত করা হয়েছে এবং বলবৎ থাকবে।

(ঘ) মাধ্যমিক/উচ্চ মাধ্যমিকের ন্যায় দাখিল ও আলিম মাদ্রাসায় সহকারি গ্রন্থাগারিকের পদ অন্তর্ভুক্ত করা হলো।

জনস্বার্থে এ সংশোধনী জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-

২৫/১০/২০১১

(ড. কামাল আবদুল নাসের চৌধুরী)

সচিব


শিক্ষা মন্ত্রণালয়

নং শিম/শাঃ১৪/বিবিধ-১-৮/২০১০/৪১৬

তারিখঃ ১০ কার্তিক ১৪১৮
২৫ অক্টোবর ২০১১

বিতরণ কার্যার্থেঃ

- ১। উপাচার্য, জাতীয় বিশ্ববিদ্যালয়/উপাচার্য, ইসলামী বিশ্ববিদ্যালয়।
- ২। অতিরিক্ত সচিব (প্রঃ ও অর্থ)/(উন্নয়ন), শিক্ষা মন্ত্রণালয়।
- ৩। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪। যুগ্ম-সচিব (বিশ্ববিদ্যালয়/কলেজ/কারিগরি ও মাদ্রাসা), শিক্ষা মন্ত্রণালয়।
- ৫। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৬। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/ চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়।
- ৮। পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৯। উপ-সচিব (মাধ্যমিক/বিশ্ববিদ্যালয়/কলেজ/কারিগরি ও মাদ্রাসা), শিক্ষা মন্ত্রণালয়।
- ১০। সচিব-মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়।
- ১১। সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (তাকে প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)
- ১২। সভাপতি/মহাসচিব, বাংলাদেশ জমিয়াতুল মোদারেরছীন, ৫৪/এবি মহাখালী, গুলশান, ঢাকা।
- ১৩। অফিস নথি।


হোসেনে আরা বেগম)

উপ-সচিব (মাদ্রাসা)

৯১৬৪৭৫০